R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
৩১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৮শে অগ্রহায়ণ, বুধবার, ১৩৮৪ সাল।
১৪ই ডিসেম্বর, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## তাপবিদ্যুৎ কেন্দ্রের স্থান নির্ব্বাচনের কাজ সম্পন্ন, জল নিষ্কাশনের প্রকল্প তৈরী করতে বাঁধ কর্তৃপক্ষ অনুরুদ্ধ

বিশেষ প্রতিনিধি : ফরাক্কায় প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য স্থান নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে। লোকসভার অধিবেশনে জঙ্গিপুরের সংসদ সদস্য শশাঙ্কশেখর সান্যালের এক প্রশ্নের জবাবে কেন্দ্রীয় শক্তিমন্ত্রী পি রামচন্দ্রন এ কথা জানিয়েছেন। শশাঙ্কবাবুকে রামচন্দ্রন বলেছেন, ভারত সরকারের প্রস্তাবিত পাঁচটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তাপ-বিদ্যুৎ প্রকল্পের মধ্যে ফরাক্কা একটি। ফরাক্কায় এই কেন্দ্রের জন্য প্রয়োজনীয় তথ্যানুসন্ধানের কাজ হাতে নিয়েছেন ন্যাশনাল থারমাল পাওয়ার করপোরেশন লিমিটেড। তাঁদের এই কাজে অনেক অগ্রগতি ঘটেছে। আর্থিক ও কারিগরী সুবিধাযুক্ত বিকল্প স্থান অনুসন্ধানের পর কেন্দ্রটি স্থাপনের জন্য স্থান নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে। এখন জমি অধিগ্রহণের ব্যাপারে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে। এবং প্রকল্পের জন্য প্রয়োজনীয় কয়লা কিভাবে রাজমহল কয়লাখনিগুলি হতে আনা যায় সে বিষয়ে খোঁজ-খবর নেওয়া হচ্ছে। প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং কয়লা সংগ্রহ বিষয়ে সুনিশ্চিত হওয়ার পরই প্রকল্পের বিস্তারিত প্রতিবেদন প্রস্তুত হবে এবং প্রকল্পে লগ্নীকরণের সিদ্ধান্ত গৃহীত হবে। শক্তিমন্ত্রী আরো বলেন, আগামী বছরের প্রথম দিকেই বিশ্বব্যাঙ্কের কাছে এই প্রকল্পের তথ্য-জ্ঞাপক বিষয়টি পাঠানো হবে বলে আশা করা হচ্ছে।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ফরাক্কায় মাছ ধরা নিয়ে উত্তেজনা হত্যার অভিযোগে দুই প্রহরী ধৃত

ফরাক্কা ব্যারেজ, ১৪ ডিসেম্বর—ফরাক্কা ব্যারেজের ডাউন ষ্ট্রীমে গত ৮ ডিসেম্বর জেলেদের মাছ ধরাকে কেন্দ্র করে বিক্ষোভের ঝড় বয়ে গিয়েছে। হত্যার অভিযোগে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর দু'জন প্রহরীকে গ্রেপ্তার করা হয়েছে। জঙ্গিপুর আদালতে দুটি মামলা রুজু করা হয়েছে।

আর এস পি নিয়ন্ত্রিত জঙ্গিপুর মহকুমা মৎস্যজীবী সমবায় সমিতির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, ৮ ডিসেম্বর সকালে পরেশ হালদারসহ ৫ জন জেলে ফরাক্কা ব্যারেজের ডাউন ষ্ট্রীমে নিষিদ্ধ এলাকার বাইরে মাছ ধরছিল। হঠাৎ কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর ( সি আই এস এফ ) প্রহরারত দু'জন প্রহরী লঞ্চে করে গিয়ে বিনা প্ররোচনায় জেলেদের নৌকা ডুবিয়ে দেয়। পরেশ হালদার বাঁচার তাগিদে লঞ্চে ওঠার চেষ্টা করলে প্রহরীরা তাকে লোহার রড দিয়ে আঘাত করে। দ্বিতীয়বার লঞ্চ ধরার চেষ্টা করলে প্রহরীরা তার মাথায় লোহার রডের আঘাত করে। ফলে সে নদীর অতল তলে

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সাংবাদিকের অভিযোগ শাহ কমিশনে গৃহীত

নিজস্ব সংবাদদাতা : জরুরী অবস্থায় বাড়াবাড়ি নিয়ে নিয়োজিত শাহ কমিশন জেলা সাংবাদিক সংঘের সদস্য ও 'বসুমতী' পত্রিকার জঙ্গিপুরের সংবাদদাতা বিমান হাজরার প্রতি স্থানীয় প্রশাসনের দুর্ব্যবহার ও ক্ষমতার অপপ্রয়োগে গ্রেপ্তার সংক্রান্ত অভিযোগ গ্রহণ করেছেন। রাজ্যের মুখ্যসচিবের কাছে এ ৪১০১১/২২/৭২, টি-৪নং চিঠিতে কমিশন এ ব্যাপারে রাজ্য সরকারকে সহযোগিতা করার অনুরোধ জানিয়েছেন। চিঠির অনুলিপি অভিযোগকারীর কাছেও পাঠানো হয়েছে।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## রেলমন্ত্রী খোঁজ নিচ্ছেন

বিশেষ প্রতিনিধি, ১৪ ডিসেম্বর—জঙ্গিপুর রোড ষ্টেশনে বিভিন্ন ট্রেনে আসন সংরক্ষণের সংস্থান এবং ট্রেনের সময়সূচী পরিবর্তনের ব্যাপারে রেলমন্ত্রী মধু দণ্ডবতে খোঁজ-খবর নিচ্ছেন। ৫ ডিসেম্বর জঙ্গিপুরের সংসদ সদস্য শশাঙ্কশেখর সান্যালকে লেখা চিঠিতে রেলমন্ত্রী বলেছেন, শশাঙ্কবাবু ওই দুটি বিষয়ে জঙ্গিপুর পুরসভার পুরপতির চিঠির কপি সমেত ২৩ নভেম্বর যে চিঠি তাঁকে ( রেলমন্ত্রীকে ) দিয়েছিলেন তা তিনি পেয়েছেন এবং খোঁজ-খবর নিচ্ছেন। নয়াদিল্লী থেকে প্রাপ্ত সংবাদে এ খবর জানা গেছে।

## চিনি বণ্টনে সমতা

নিজস্ব সংবাদদাতা, ১১ ডিসেম্বর—গত সপ্তাহ থেকে শহরের আংশিক রেশনে চিনির পরিমাণ কমিয়ে সপ্তাহে ১৫০ গ্রামের পরিবর্তে ৭৫ গ্রাম বরাদ্দ করা হয়েছে। পক্ষান্তরে গ্রামের আংশিক রেশনে পাক্ষিক ৭৫ গ্রাম চিনির পরিবর্তে সপ্তাহে ৭৫ গ্রাম চিনি বরাদ্দ করা হয়েছে। রেশনে চিনি বণ্টনের ব্যাপারে এতদিন শহরাঞ্চলের সঙ্গে গ্রামের যে সমতার অভাব ছিল, নতুন ব্যবস্থায় তা দূর হয়েছে।

## ধুলিয়ান ষ্টেশনের কাছে যাত্রীদের টাকা লুঠ

ধুলিয়ান, ১১ ডিসেম্বর—গতকাল রাত সাড়ে এগারটা নাগাদ ধুলিয়ান-গঙ্গা ষ্টেশনের কাছে যাত্রীবোঝাই একটি ঘোড়ার গাড়িতে হানা দিয়ে একদল দুর্বৃত্ত ৩ জন যাত্রীর কাছ থেকে ২৬০০ টাকা ছিনিয়ে নিয়েছে বলে পুলিশ সূত্রে খবর পাওয়া গিয়েছে

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ট্রাক লুঠ রোধে ব্যবস্থা

ফরাক্কা ব্যারেজ, ৩১ ডিসেম্বর—৩৪নং জাতীয় সড়কে ফরাক্কা থানার সাঁকোপাড়া ও বেনিয়াগ্রামের মধ্যবর্তী এলাকায় ট্রাক লুঠেরাদের উপদ্রব প্রতিরোধে পুলিশী ব্যবস্থা জোরদার করা হচ্ছে। ফরাক্কা পুলিশের পক্ষ থেকে ট্রাক কেটে মাল লুঠ করা অঞ্চলকে ৬টি সেকটরে ভাগ করে প্রতিটি সেকটরে পুলিশ ও হোমগারড মোতায়েনের প্রস্তাব করা হয়েছে। এ বছর জানুয়ারী থেকে নভেম্বর পর্যন্ত এই থানা এলাকায় ১৭টি ট্রাক কাটার অভিযোগ লিপিবদ্ধ হয়েছে। এ ছাড়াও ছোটখাটো বহু ঘটনা ঘটেছে যেগুলি পুলিশকে জানানো হয়নি।

## ডাক্তার চাই

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের গৌরীপুর স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘদিন ধরে ডাক্তার নাই। কিছুদিন আগে সাগরদীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক প্রশিক্ষণে গেছেন। সেইজন্য মনিগ্রাম স্বাস্থ্য-কেন্দ্রের চিকিৎসককে অস্থায়ীভাবে সাগরদীঘিতে পাঠানো হয়েছে। এদিকে মনিগ্রাম স্বাস্থ্যকেন্দ্রের বহি-বিভাগে রোজ ৩০০ রোগী এসে নাজেহাল হচ্ছেন। বিভাগীয় অব্যবস্থা রোগীদের খুব অসুবিধায় ফেলেছে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৮শে অগ্রহায়ণ বুধবার, সন '৮৪ সাল

## রূপসী ভাবনা

রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহর অতি সুপ্রাচীন। শহরের আদালতটিও প্রাচীন এবং ঐতিহ্যমণ্ডিত। এই আদালতেই সাঁওতাল বিদ্রোহের শুভোরাজা প্রভৃতির বিচার হইয়াছিল। শহরের উপকণ্ঠে গঙ্গাতীরবর্তী ময়দানে ঔরঙ্গজেব ও সুজার যুদ্ধ সংঘটিত হয় সেই প্রাচীনকালে। নিকটেই অবস্থিত জালিম সিং-এর সিংঘীর মাঠ। নবাব আলিবর্দী ও সরফরাজ খানের যুদ্ধের ঐতিহ্য বহন করিয়া চলিয়াছে এই মাঠ। গল্প কথায় শ্রুত হয়, গনকরের নিকটে দ্বিতীয় মহীপাল ও কৈবর্তরাজ ভীমের যুদ্ধ হইয়াছিল। সুপ্রাচীন ঐতিহ্যমণ্ডিত বন্দেশ্বর শিবমন্দিরও এই শহরের নিকটে অবস্থিত। এতদ্-অঞ্চলের দেবীতীর্থ পেটকাটি মন্দিরও এই শহরের বুকের উপর দিয়া যাইয়া দর্শন করিতে হয়। ইসলাম ধর্মের চড়কা শরিফ ও বালিঘাটার প্রাচীন মসজিদেও যাত্রীসমাগম ঘটিয়া থাকে। অধুনা ফরাক্কা বাঁধ দর্শনার্থিগণ মহকুমা শহর রঘুনাথগঞ্জ দেখিতে আসেন। কিন্তু বড়ই দুঃখের বিষয়, বহু সম্ভাবনা থাকা সত্ত্বেও এই শহরকে রূপসী করিয়া তুলিয়া পর্যটকগণের নিকট আকর্ষণীয় করিবার কোন প্রচেষ্টা পরিলক্ষিত হইতেছে না। শহরে কোন ট্যুরিষ্ট লজ নাই, নাই রাত্রিবাস করিবার মত সুদৃশ্য হোটেল। এমন কি শহরের পাকা রাস্তাগুলিও বর্ষাকালে ডুবিয়া যায় এবং গণ্ডগ্রামের মত জলকাদায় পরিপূর্ণ হইয়া পথ চলায় বিঘ্ন ঘটায়। জলনিষ্কাশনের কোন সুবন্দোবস্ত পর্যন্ত নাই। শতবর্ষের অধিক প্রাচীন পুরসভারও এই দিকে নজর দিবার কোন অবসর আছে বলিয়া বোধ হইতেছে না। কিন্তু স্বল্প ব্যয়ে বুদ্ধি করিয়া কার্য সমাধা করিতে পারিলে সহজেই এই শহরকে রূপসী করা যায়। এবং পর্যটকগণের নিকট আকর্ষণীয় করা যায়। তাহাতে শহরের গৌরব বৃদ্ধি পাইবে এবং আর্থিক উন্নতি ঘটিবে।

রঘুনাথগঞ্জ শহরের অভ্যন্তরে লালগোলাধিপতি যোগেন্দ্রনারায়ণ রাও-এর দান সরাইখানা ও টাউন হলের প্রয়োজনে ম্যাকেঞ্জী পার্ক ও হল রহিয়াছে। ইহাদের নিমিত্তে গঠিত অছি পরিষদকে সঞ্জীবিত করিয়া পার্ক ও হলকে ব্যবহারের উপযোগী করা যায়। একটিকে ট্যুরিষ্ট লজ, অপরটিকে সুদৃশ্য পার্ক ও ঐতিহাসিক নিদর্শনের যাদুঘরে রূপান্তরিত করা অসম্ভব নহে। পুরসভার চেষ্টায় জলসরবরাহের ব্যবস্থা করা এবং জঙ্গিপুরের পার্কের সংস্কার সাধন করা নিশ্চয়ই অসম্ভব নহে। ম্যাকেঞ্জী হল সংলগ্ন পুষ্করণীর সংস্কার সাধন করিয়া সহজেই একটি সুইমিং পুল করা যায়। সেই সঙ্গে রাস্তাঘাটের সংস্কার সাধন অবশ্য কর্তব্য। সরকারী প্রচেষ্টায় মহকুমা গ্রন্থাগারটির উন্নতি ত্বরান্বিত করিয়া প্রয়োজনীয় বিশাল পাঠাগারে রূপান্তরিত করাও অসম্ভব নহে। তবে সকল ব্যাপারেই প্রয়োজন নিরলস প্রচেষ্টা এবং সাত্ত্বিক ইচ্ছা। শহরে বহু রাজনৈতিক দল এবং সাহিত্য পরিষদ ও সাংস্কৃতিক পরিষদের মত অরাজনৈতিক প্রতিষ্ঠান বর্তমান। তাঁহাদের দৃষ্টি এই দিকে নিবদ্ধ হইলে শহরকে রূপসী করিয়া তোলার কাজ খুব কঠিন হইবে বলিয়া মনে হয় না।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### জঙ্গিপুর স্কুল প্রসঙ্গে

গত ৭ ডিসেম্বরের জঙ্গিপুর সংবাদ পত্রিকায় জঙ্গিপুর স্কুলে পরীক্ষার টাকা তছরূপের সংবাদ পড়ে মর্মাহত হলাম। কারণ বেশ কয়েক বছর আগে আমি জঙ্গিপুর স্কুলের ছাত্রী ছিলাম। জঙ্গিপুর স্কুলের মত শত-বর্ষের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানকে যাঁরা কলুষিত করলেন, তাঁদের শাস্তি-দানের মধ্যে দিয়ে প্রতিষ্ঠানটিকে যেন কলুষমুক্ত করা হয়—বিভাগীয় কর্তৃ-পক্ষের কাছে এই আমার অনুরোধ।

—রমলা মুখার্জি, বহরমপুর (পঃ বঃ)।

### সাঁতার সংস্থার গাফিলতি

বিশ্বের বৃহত্তম সন্তরণ প্রতিযোগিতার আমি ১৯৭৬ এবং ১৯৭৭ সালের একজন সফল প্রতিযোগী। ১৯৭৬ সালে ১০ম এবং ১৯৭৭ সালে ৬ষ্ঠ স্থান অধিকার করি। গত বছর পারিতোষিক বিতরণী অনুষ্ঠানে ১ম, ২য়, ৩য় ছাড়া অন্য সফল প্রতিযোগীদের প্রশংসাপত্র দেওয়া হয়নি। কর্তৃপক্ষকে বারংবার চিঠি দেওয়া সত্ত্বেও প্রশংসা-পত্র না পেয়ে জঙ্গিপুর সংবাদ পত্রিকার চিঠিপত্র কলমে প্রতিবাদ করার ৩।৪ মাস পর সারটিফিকেট পাই। ১৯৭৭ সালেও গত বছরের পুনরাবৃত্তি ঘটল। ২ অকটোবর সাঁতার প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে, এখনও সারটিফিকেট পাইনি। বিশ্বের বৃহত্তম সন্তরণ প্রতিযোগিতায় কর্তৃপক্ষের এহেন গাফিলতি নিশ্চয়ই এই সংস্থার ভাব-মূর্তি নষ্ট করেছে বলে মনে করি।

—শিবশঙ্কর ভকত, জঙ্গিপুর।

## সোমবার অফ্

আমরা হাসছিলুম। গোটা ষ্টাফ্ রুম হাসছিল। একটা খাতা নিয়ে দু'জন অধ্যাপকে টানাটানি চলছিল। আমি বলি আমার ক্লাস, আশিসদা বলেন আমার। রুটিন খুলতে বোঝা গেলো দু'জনেই ঠিক। নতুন রুটিনে শঙ্করদার কাণ্ড। এক সঙ্গে একই ইয়ারে দু'জনের ক্লাস। এমন অসংগত ব্যাপারে কার না হাসি পায়। কিন্তু রোববার ( ১১।১২।৭৭ ) শঙ্করদা এমন একটা অসংগত কাণ্ড করে গেলেন আমরা হাসতে ভুলে গেলুম।

আজ নয় ৫৬ সাল থেকে শঙ্কর-প্রসাদ দত্ত ( শঙ্করদা ) জঙ্গিপুর কলেজের বাংলার অধ্যাপক। তখন বিভাগে মাত্র দু'জন অধ্যাপক। মধ্যে এন, সি, সি অফিসার হিসাবে কয়েক বছর ছুটি নিয়ে গেসলেন কিন্তু অধ্যাপনার ডাকে তিনি কোয়ার্টার, উচ্চহার বেতন সমস্ত ত্যাগ করে আবার ফিরে এলেন। দীর্ঘ ১৬।১৮ বছর অধ্যাপনা সত্ত্বেও প্রোটোটাইপ অধ্যাপক হয়ে যাননি। অনর্গল হেসেছেন, হাসিয়েছেন। অধ্যাপক কালীপদ ঘোষ দাস্তিদারের বিদায় গ্রহণের পর তিনি বিভাগীয় প্রধান। ইদানীং বারসার হিসেবে কিছু বাড়তি দায়িত্ব তাঁর উপর পড়েছিল। অনার্সে ভাষাতত্ত্ব, রস, অলঙ্কারের মতো দুরূহ বিষয়গুলি হাল্কা মেজাজে পড়িয়ে যেতেন। ছদ্ম গাম্ভীর্য ছিল না। খোলাখুলি মানুষ। বিষণ্ণতা তাঁর সাত হাত নাগালের মধ্যে ঢুকতে পেতো না। একান্নতেও তাঁর সুপুরুষ স্বাস্থ্য ছিল, প্রাণশক্তি ভরপুর ছিল, হৈ হৈ হাসি ছিল, দিলখুশ মেজাজ ছিল, এক হিটে তিনটে ঘুঁটি ফেলতেন, দুমদাম 'নো ট্রাম' কল দিতেন। গলার চোটে ছাত্রছাত্রীদের আঁতকে দিয়ে এক রসিকতায় হো হো হাসিয়ে দিতেন। সকলের সঙ্গে মিশতেন বন্ধুর অন্তরঙ্গতায়। রিক্সায় চেপে বসতেন ভাবটা যেন 'চল্ পানসি বেলঘরিয়া'।

শেষ শনিবার খাতায় লিখে গেছেন সোমবার-'অফ্'। কে জানতো সেই তাঁর চূড়ান্ত লেখা! বহরমপুরে বাসা ছিল। রোববার (১১।১২।৭৭) বাজার করে ফেরবার সময় হঠাৎ বুকে তীব্র যন্ত্রণা। দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে চিকিৎসকরা পরীক্ষা করে বলেন ষ্ট্রোক। 'হার্ট আউট অফ্ অর্ডার'। ডায়াবেটিস ও ব্লাড-প্রেসার ছিল আগে থেকেই। তাঁদের আর কিছু করার নেই। তারপরও ঘণ্টা দুই সজ্ঞানে ছিলেন। এবং হাসতে হাসতেই বোধ হয় মারা যান।

কলেজে কার্যকাল বাকি ছিল আরো ৯ বছর। বাড়ীতে স্ত্রী, বিবাহযোগ্যা একটি কন্যাসহ চারটি নাবালক প্রাণপ্রিয় পুত্র কন্যা। এল, আই, সি নেই, সেভিংস নেই প্রভিডেণ্ট ফাণ্ডের কটা টাকা আর বাড়ী বানাবার জন্য কাঠা পাঁচেক জমি রেখে হাসতে হাসতে সরে পড়লেন। দেশে অতিবৃদ্ধ বাবা মা রইলেন, বাড়ীতে নিঃসহায় একটি পরিবার, কলেজে অগণিত ছাত্রছাত্রী, বন্ধু-বান্ধব, অবসরপ্রাপ্ত অগ্রজ প্রতিম কালীদা……। কি বলবো শঙ্করদা! আপনি কি প্রমাণ করে গেলেন—"অসংগতির তার অল্পে অল্পে চড়াইতে চড়াইতে বিস্ময় ক্রমশঃ হাস্যে, হাস্য ক্রমে অশ্রুজলে পরিণত হইতে থাকে।" আমাদের দুঃখ ও ক্ষোভের পরিসীমা নেই। কত খোলামেলা প্রহর যে আমাদের বোবা হয়ে গেলো। আমরা যে হাসতেও ভুলে গেলুম।

— শক্তিসাধন মুখোপাধ্যায়

## গ্যাসট্রোএনট্রাইটিসে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হিলোড়াঃ বংশবাটী অঞ্চলের রাতুরি গ্রামে গ্যাস-ট্রোএনট্রাইটিস রোগের প্রাদুর্ভাব ঘটেছে। ইতিমধ্যে এই রোগে আক্রান্ত হয়ে দু'জন গ্রামবাসী মারা গেছেন। হিলোড়া স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক জানিয়েছেন, কিছু ইনজেকসন গ্রামে দেওয়া হয়েছে। তবে প্রয়োজনের তুলনায় তা নিতান্তই কম। এখানে আরো ইনজেকসন প্রয়োজন।

## নক্-আউট ফাইনালে কালীনারায়ণপুর জয়ী

সাগরদীঘি, ১১ ডিসেম্বর—সাগরদীঘি স্পোরটস্ এ্যাসোসিয়েসন পরিচালিত নক্-আউট ফুটবল টুরনামেনটের ফাইনালে আজ নদীয়া জেলার কালীনারায়ণপুর সুহৃদ সংঘ ১—০ গোলে জঙ্গিপুরের গোফুরপুর ভ্রাতৃ সংঘকে পরাজিত করে বিজয়ীর সম্মান অর্জন করে। বিজয়ী দলকে শীল্ডের সঙ্গে নগদ ৫০১ টাকা এবং বিজিত দলকে নগদ ২৫১ টাকা দেওয়া হয়। শ্রেষ্ঠ খেলোয়াড়ের পুরস্কার লাভ করেন কালীনারায়ণপুরের দীপক মজুমদার এবং গোফুরপুরের গোলাম মোস্তফা। সাগরদীঘি উচ্চ বিদ্যালয় ময়দানে খেলাটি অনুষ্ঠিত হয়। প্রায় ১৫ হাজার দর্শক উত্তেজনার সঙ্গে খেলা উপভোগ করেন। পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের সভাপতি অজিতকুমার মুখোপাধ্যায় এবং প্রধান অতিথি দুলাল ভট্টাচার্য।

**থানা ফুটবল :** সাগরদীঘি বিজয় সরস্বতী ক্লাব পরিচালিত থানা ফুটবল লীগের ফাইনালে বালিয়া নেতাজী সংঘ ২—০ গোলে খাটোয়া সমাজশিক্ষা কেন্দ্রকে পরাজিত করে শীল্ড লাভ করেছে।

**হাডুডু :** সাগরদীঘি ব্লকের তাঁতিবড়ল গ্রামে গত সোমবার রামব্রহ্ম স্মৃতি শীল্ড ও বীণাপাণি স্মৃতি শীল্ডের হা-ডু ডু ফাইনালে বাবুরীগ্রাম দল বেলাইপাড়া দলকে ৭ পয়েন্টে হারিয়ে জয়লাভ করে। খেলাটি খুব উপভোগ্য হয়েছিল বলে জানা যায়।

### যাত্রীদের টাকা লুঠ

( ১ম পৃষ্ঠার পর )

কাপড় বিক্রী করে মালদহ থেকে ওই যাত্রীরা ডাউন জনতা এক্সপ্রেসে ধুলিয়ান গঙ্গা ষ্টেশনে এসে নামেন। ষ্টেশন থেকে ঘোড়াগাড়ি করে শহরে যাওয়ার পথে ছিনতাই-এর ঘটনাটি ঘটে। ঘোড়াগাড়িতে ৮ জন যাত্রী ছিলেন। সামসেরগঞ্জ পুলিশ এ ব্যাপারে দু'জনকে গ্রেপ্তার করেছে।

Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

### শোক সংবাদ

রঘুনাথগঞ্জের প্রবীণ হোমিও চিকিৎসক, শাস্ত্রবিদ এবং পরম নিষ্ঠাবান ধীরেন্দ্রকুমার চক্রবর্ত্তী মহাশয় গত ৮ ডিসেম্বর তাঁর রঘুনাথগঞ্জ বাগানবাড়ী বাসভবনে ৬৯ বৎসর বয়সে পরলোকগমন করেছেন। দশকর্মে, শাক্ত ও বৈষ্ণব শাস্ত্রে তাঁর যথেষ্ট পাণ্ডিত্য ছিল। লীলাকীর্ত্তন, বৈঠকী গান, যাত্রাভিনয়, ভাগবতকথকতা প্রভৃতিতে তিনি কুশলী ছিলেন। তিনি কিছুকাল লীলাকীর্ত্তন ও কথকতা করেছিলেন। এগুলি পঃ বঃ সরকারের অনুদান পেত। ধীরেন বাবু বিদ্যানুরাগী, অমায়িক ও অতিথিবৎসল ছিলেন। তাঁর স্ত্রী ও তিন পুত্র বর্ত্তমান।

গত ১১ ডিসেম্বর জঙ্গিপুর কলেজের বাঙলা বিভাগের অধ্যাপক শঙ্কর প্রসাদ দত্ত মহাশয় (৫২) হৃদরোগে আক্রান্ত হয়ে বহরমপুর হাসপাতালে পরলোকগমন করেছেন। ১৯৫৬ সাল থেকে তিনি জঙ্গিপুর কলেজে বাঙলা বিভাগের অধ্যাপক ছিলেন। তিনি স্ত্রী, চার পুত্র ও এক কন্যা রেখে গেছেন। তাঁর আকস্মিক মৃত্যুতে জঙ্গিপুর কলেজে শোকের ছায়া নেমে আসে।

বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী, গরদ থান, তসর, মটকা, কেঠে, বাপতা ইত্যাদির জন্য যোগাযোগ করুন :—

**গান্ধী স্মারক নিধি**

( খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার )

রঘুনাথগঞ্জ ॥ বাজারপাড়া

**সুবর্ণ সুযোগ**

কির্লোসকার, উষা, কুপার ইত্যাদি কোম্পানীর পাম্পসেট, হাসকিং মেসিন এবং অন্যান্য যন্ত্রপাতি যত্নের সঙ্গে দীর্ঘ কুড়ি বৎসরের অভিজ্ঞ ইঞ্জিনীয়ার দ্বারা মেরামত করা হয়। নিম্নে যোগাযোগ করুন :—

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**

রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা

( জগন্নাথের সাইকেলের দোকান )

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

## হত্যার অভিযোগে দুই প্রহরী ধৃত

( ১ম পৃষ্ঠার পর )

তলিয়ে যায়। অন্যরা পরেশকে বাঁচাবার চেষ্টা করলে প্রহরীরা তাদের মারধোর করে। পরেশ হালদারের মৃতদেহ পাওয়া যায়নি। আহত চার জন জেলেকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের নাম দিলীপ হালদার, ফণী হালদার, তারাপদ হালদার ও গোবিন্দ হালদার।

এই ঘটনাকে কেন্দ্র করে ওই দিন ফরাক্কায় তুমুল উত্তেজনার সৃষ্টি হয়। মৎস্যজীবী সমিতির ডাকে বিরাট এক মিছিল সি আই এস এফ এবং প্রহরী দু'জনকে গ্রেপ্তারের দাবিতে বিক্ষোভ প্রদর্শন করে। পুলিশ শেষ পর্যন্ত সংশ্লিষ্ট দু'জন প্রহরীকে গ্রেপ্তার করতে বাধ্য হয়। ধৃত প্রহরীদের নাম তুলসী সিং ও গঙ্গেশ্বর সিং। কর্ত্তব্যরত অবস্থায় সরকারী কাজে বাধা দানের অভিযোগ এনে ধৃত তুলসী সিং মৎস্যজীবীদের বিরুদ্ধে পালটা একটি মামলা রুজু করেছেন। তাঁদের কর্ত্তব্য, ৮ ডিসেম্বর সকালে প্রহরারত অবস্থায় তাঁরা দেখতে পান কতকগুলি নৌকো ব্যারেজের ১ কিলোমিটারের মধ্যে মাছ ধরছে। তাঁরা লঞ্চ নিয়ে এগিয়ে যান জেলেদের নিষিদ্ধ এলাকা থেকে বের করে দিতে। তখন তারা দেখতে পান একটি নৌকো থেকে ৪ জন নদীতে ঝাঁপ দেয় এবং সাঁতরে তীরে ওঠে।

সি আই এস এফের ধৃত প্রহরীদের বিরুদ্ধে জলপথে দুর্ঘটনা ও মৃত্যু ঘটানোর অভিযোগে ২৮০ ও ৩০৪ ধারায় মামলা রুজু করা হয়েছে। তাঁদেরকে জঙ্গিপুর জেল হাজতে রাখা হয়েছে। আজ এ খবর লেখা পর্যন্ত তাঁরা জামিন পাননি। সর্বশেষ সংবাদে জানা গেছে, সি আই এস এফের কমানডানট করনেল পি সি লাল এবং ফরাক্কা ব্যারেজের জেনারেল ম্যানেজার ব্রিগেডিয়ার দেবরাজ কাঠুরিয়া নিখোঁজ পরেশ হালদারের স্ত্রী ত্রিলোকীদেবীকে সরকারী সাহায্য দানের প্রতিশ্রুতি দিয়েছেন।

*সবার প্রিয় চা—*

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

### ভারত সরকার
### শিক্ষা ও সমাজকল্যাণ মন্ত্রণালয়
### নেহরু যুব কেন্দ্র
**বহরমপুর, মুর্শিদাবাদ**

কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল সার্ভিস ভলানটিয়ার স্কীম-এ এক বছরের বৃত্তিভোগী স্বেচ্ছাসেবী নিয়োগের প্যানেল তৈয়ারীর জন্য যুবক ও যুবতিগণের নিকট দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভাতা মাসিক ১৭৫/ টাকা।

দরখাস্তকারীকে স্নাতক ( তিন বছরের ডিপ্লোমা ও গ্রাহ্য ), মুর্শিদাবাদ জেলাবাসী; বয়স ২৫ বছরের কম এবং সমাজ সেবায় ( বিশেষতঃ এন-এস-এস ) কাজে অভিজ্ঞ হতে হবে।

যারা গঠনমূলক রাজনৈতিক ও সমাজতান্ত্রিক আন্দোলনে যোগদান করেছেন তাদের ক্ষেত্রে শিক্ষা গত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

দরখাস্ত ফর্ম এ্যাসিষ্টেন্ট এমপ্লয়মেন্ট অফিসার, মুর্শিদাবাদের নিকট পাওয়া যাবে। দরখাস্তের শেষ তারিখ ডিসেম্বর ২০, ১৯৭৭।

ইউথ কো-অর্ডিনেটর
মুর্শিদাবাদ

[ মুর্শিদাবাদ জিলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রেরিত ]

### বাঁধ কর্তৃপক্ষ অনুরুদ্ধ ( ১ম পৃষ্ঠার পর )

কেন্দ্রীয় কৃষি ও সেচ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ভানুপ্রতাপ সিং লোকসভার বাজেট বরাদ্দ সভায় জঙ্গিপুরের সংসদ সদস্য শশাঙ্কশেখর সান্যালের উথাপিত প্রশ্নের উত্তরে বলেছেন, ফরাক্কা ফীডার ক্যানেল সন্নিহিত বিস্তীর্ণ অঞ্চলে জল জমে যে সমস্যার সৃষ্টি করেছে সে সম্পর্কে তাঁর সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের আলোচনার পর জল নিষ্কাশনের জন্য ১৯৭৬ সালের ডিসেম্বর মাসে কেন্দ্রীয় ও রাষ্ট্রীয় বিশেষজ্ঞদের নিয়ে রাজ্য সরকার যে প্রস্তাব রচনা করেছিলেন সেগুলি পরীক্ষা করে দেখার জন্য একটি কারিগরী সংস্থা গঠন করা হয়েছে। বিষয়টির গুরুত্বসাপেক্ষে এই সংস্থা তাঁদের চূড়ান্ত প্রতিবেদন দাখিলের আগেই কতক-গুলো বিষয়ে প্রাক্ অনুমোদন পাঠিয়েছেন এবং তারই ভিত্তিতে কেন্দ্রীয় সরকার ফরাক্কা বাঁধ কর্তৃপক্ষকে জলনিষ্কাশনের বিস্তারিত পরিকল্পনা রচনা ও তার আনুমানিক ব্যয়-নির্ণয় করার জন্য অনুরোধ জানিয়েছেন। নয়াদিল্লী থেকে খবরগুলি পাঠানো হয়েছে।

### অভিযোগ শাহ কমিশনে গৃহীত ( ১ম পৃষ্ঠার পর )

কমিশন কর্তৃক লিখিত চিঠিতে রাজ্য সরকারকে ১৯৫২ সালের কমিশন আইনের ১১ ধারার ২ (গ) অনুচ্ছেদ অনুযায়ী এ ব্যাপারে একটি তদন্ত কমিটি নিয়োগের পরামর্শ দেওয়া হয়েছে। কমিটি তদন্তসাপেক্ষ সংশ্লিষ্ট বিষয় সম্পর্কিত সমস্ত কাগজপত্রসহ চার মাসের মধ্যে এ সম্পর্কে একটি প্রাথমিক রিপোরট কমিশনে পেশ করবেন এবং কমিশন তা পরীক্ষা করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। চিঠিতে রাজ্য সরকারকে অভিযুক্তদের বিরুদ্ধে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হোলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অধিকার দেওয়া হয়েছে।

অভিযোগকারী গত জানুয়ারী মাসে মিসা আইনে গ্রেপ্তার হন। অভিযোগে স্থানীয় প্রশাসনের কয়েকজনকে অভিযুক্ত করা হয়েছে বলে জানা গেছে।

**WANTED**

Interested Representative For Handloom/ Powerloom Fabrics Should Contact Sharply With Full Details To NORTH-INDIA TEXTILES CORPORATION, GUZRI BAZAR, MEERUT—250002 (U. P.)





শান্তিনিকেতনের পৌষ মেলায় আপনাকে স্বাগত জানাই

★

ভকত ভাই প্রাঃ লিঃ

বীরভূম ও মুর্শিদাবাদ জেলার একমাত্র গোদরেজ ষ্টিল ফার্ণিচার পরিবেশক

মেলায় আমাদের দোকানে আসতে ভুলবেন না।




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।